এইচএসসি বোর্ড পরীক্ষার প্রশ্নপত্র ২০১৭

সিলেট শিক্ষা বোর্ড–২০১৭ বিষয় কোড | ২ | ৫ | ৩ |

বিষয় ঃ হিসাববিজ্ঞান ১ম পত্র (সৃজনশীল)

সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট **পূর্ণমান—৭০**

[বি. দ্র. ডান পার্শ্বস্থ সংখ্যাগুলো প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক-বিভাগের ২টি এবং খ-বিভাগ হতে যেকোনো ৫টি সহ সর্বমোট ৭টি প্রশ্নের উত্তর দাও]

'ক' বিভাগ

১. জনাব আফিফা ইশাল সুপ্রিম কোর্টের একজন আইনজীবী, যিনি ২০১২ সালের জানুয়ারি ১ তারিখে 'ইশাল লিগ্যাল কনসালটেন্সি' নামক সেবামূলক প্রতিষ্ঠান শুরু করেন। ৩১ ডিসেম্বর, ২০১৬ তারিখে 'ইশাল লিগ্যাল কনসালটেন্সি'-এর রেওয়ামিল ছিল নিম্নরূপ :

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
নগদ ও ব্যাংক জমা	১,৪০,০০০	
প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব	৯০,০০০	৬০,০০০
১০% প্রদেয় নোট		৫০,০০০
মোটর গাড়ি	৮,০০,০০০	
পুঞ্জিভূত অবচয়-মোটরগাড়ি		১,৬০,০০০
অনুপার্জিত সেবা আয়		৮০,০০০
সেবা আয়		৪,৫০,০০০
মূলধন –জনাব আফিফা ইশাল		৫,১৫,০০০
উত্তোলন– জনাব আফিফা ইশাল	৪০,০০০	
বিমা খরচ	৭২,০০০	
জীবন বীমার প্রিমিয়াম	২৮,০০০	
বেতন খরচ (১১ মাস)	৮৮,০০০	
সাপ্লাইজ খরচ	১৮,০০০	
আয়কর	১২,০০০	
ভাড়া খরচ ($\frac{১}{৩}$ অংশ মালিকের বাসার জন্য)	২৭,০০০	
	১৩,১৫,০০০	১৩,১৫,০০০

সমন্বয়সমূহ :

(১) জনাব আফিফা ইশাল ব্যক্তিগত কম্পিউটার ও প্রিন্টার ১ জুলাই, ২০১৬ইং তারিখে প্রতিষ্ঠানে নিয়ে আসেন, যার মূল্য ৩০,০০০ টাকা, যা হিসাবভুক্ত হয়নি।

(২) ব্যবহৃত সাপ্লাইজের পরিমাণ ১২,০০০ টাকা।

(৩) স্থায়ী সম্পত্তির উপর বার্ষিক ১০% হারে অবচয় ধার্য কর।

(ক) স্থায়ী সম্পত্তির অবচয়ের পরিমাণ নির্ণয় কর। ২

(খ) ২০১৬ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের আয় বিবরণী তৈরি কর। ৪

(গ) ২০১৬ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের মালিকানা স্বত্ব বিবরণী তৈরি কর। ৪

২. জনাব ওয়াপ্রা জামান 'মেসার্স জামান এন্টারপ্রাইজ'-এর কর্ণধার। ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে তার হিসাব বই হতে নিম্নোক্ত রেওয়ামিল প্রস্তুত করা হয়েছে :

মেসার্স জামান এন্টারপ্রাইজ
রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০১৬

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
হাতে নগদ	৮০,০০০	
ব্যাংক জমাতিরিক্ত		৪০,০০০
মজুদ পণ্য (১.১.২০১৬)	২,৫০,০০০	
যন্ত্রপাতি	২,০০,০০০	
অবচয় সঞ্চিতি- যন্ত্রপাতি		৪৮,০০০
১৪% বিনিয়োগ (১.৭.২০১০)	২,৫০,০০০	
১৬% বন্ধকী ঋণ (১.৯.২০১৫)		৩,০০,০০০
মূলধন		৪,৩৮,০০০
উত্তোলন	৬০,০০০	
ক্রয় পরিবহন	৫০,০০০	
বিজ্ঞাপন খরচ	৯০,০০০	
বেতন খরচ	৫৫,০০০	
ভাড়া খরচ	৬০,০০০	
পণ্য ক্রয় ও বিক্রয় (১৫% ভ্যাটসহ)	৪,৫০,০০০	৮,৫০,০০০
পণ্য ফেরত	৪,৫০০	৫,৫০০
ভ্যাট চলতি হিসাব		৬৫,০০০
বিনিয়োগের সুদ		২৪,০০০
ঋণের সুদ	২০,০০০	
প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব	৩,১৯,৫০০	১,১৮,৫০০
	১৮,৮৯,০০০	১৮,৮৯,০০০

সমন্বয়সমূহ :

(১) সমাপনী মজুদ পণ্য মূল্যায়ন করা হয়েছে ৩,৬০,০০০ টাকা। এই মূল্যায়নের পরক্ষণে ১০,০০০ টাকার পণ্য আগুনে বিনষ্ট হয়। বিমা কোম্পানি ৭,০০০ টাকা ক্ষতিপূরণ দিতে সম্মত হয়েছে।

(২) বিনামূল্যে ভোক্তাদের মাঝে ১০,০০০ টাকার পণ্য বিতরণ করা হয়েছে। মোট বিজ্ঞাপন খরচকে চারটি আর্থিক বছরের মধ্য সমন্বয় করতে হবে।

(৩) প্রাপ্য হিসাবের ৫,০০০ টাকা আদায়যোগ্য নয়। অবশিষ্ট প্রাপ্য হিসাবের ২% অনাদায়ী পাওনা সঞ্চিতির ব্যবস্থা কর।

(ক) ভ্যাট চলতি হিসাব প্রস্তুত কর। ২

(খ) ২০১৬ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের মোট লাভ বা মোট ক্ষতি নির্ণয় কর। ৪

(গ) ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখের চলতি সম্পদ ও চলতি দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

'খ' বিভাগ

৩. জনাব সুমন্ত আসলামের হিসাব বই থেকে নিম্নোক্ত ঘটনাগুলো নেওয়া হয়েছে :

২০১৬

জানুয়ারি ১ জনাব সুমন্ত আসলাম নগদ ৫০,০০০ টাকা; আসবাবপত্র ৩০,০০০ টাকা এবং ব্যাংক থেকে ৬০,০০০ টাকা ঋণ নিয়ে ব্যবসায় শুরু করেন।

৫ ৪০,০০০ টাকার পণ্য বাকিতে ক্রয় করা হয়।

১০ পণ্য বিক্রয় ৮০,০০০ টাকা (৬০% নগদে এবং ৪০% চেকে)।
১৫ মালিকের বড় মেয়ের জীবন বিমার প্রিমিয়াম বাবদ পরিশোধ ১০,০০০ টাকা।
২০ ১০,০০০ টাকা বেতনের একজন কর্মচারীকে নিয়োগ দিলেন।
৩০ আসবাবপত্রের বার্ষিক ১০% অবচয় ধার্য করা হলো।
৩১ ফেব্রুয়ারি ১০ তারিখে ২০,০০০ টাকার পণ্য ক্রয়ের ফরমায়েশ প্রদান।

(ক) লেনদেন নয় এমন ঘটনাগুলো চিহ্নিত কর। ২
(খ) ১, ৫, ১০ এবং ৩০ তারিখের লেনদেনগুলোর জাবেদা লিখ। ৪
(গ) নগদান হিসাব ও বিক্রয় হিসাব প্রস্তুত কর। ৪

৪. **জনাব দিলরুবা জাহান একজন মার্চেন্ডাইজিং ব্যবসায়ী। তিনি ২০১৬ সালের ১ জানুয়ারি তারিখে নগদ ১,০০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করেন। জানুয়ারি মাসে তার ব্যবসায়ের সম্পাদিত লেনদেনগুলো নিম্নরূপ :**

জানুয়ারি ৩ সালসাবিল ট্রেডার্স থেকে বাকিতে পণ্য ক্রয় ৬০,০০০ টাকা।
৭ নগদে পণ্য বিক্রয় ৪০,০০০ টাকা (ক্রয়মূল্য ২৫,০০০)।
১০ সাফিন এন্টারপ্রাইজের নিকট ধারে বিক্রয় ৪০,০০০ টাকা (ক্রয়মূল্য ২০,০০০ টাকা)।
২০ সালসাবিল ট্রেডার্সকে পণ্য ফেরত ২,০০০ টাকা।
২৫ ৩% বাট্টা সাপেক্ষে সালসাবিল ট্রেডার্সকে তিন-চতুর্থাংশ পরিশোধ।
৩০ সাফিন এন্টারপ্রাইজ থেকে ৪% বাট্টা পরবর্তী আদায় ১৯,২০০ টাকা।
৩১ অনাদায়ী পাওনার পরিমাণ ১,০০০ টাকা।

(ক) জানুয়ারিতে জনাব দিলরুবা জাহানের নিট ক্রয় এবং নিট বিক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) লেনদেনগুলোর টেব্যুলার সামারী তৈরি কর। ৪
(গ) জানুয়ারির সমাপ্তিতে জনাব দিলরুবা জাহানের আয় বিবরণী তৈরি কর। ৪

৫. **জনাব রাউফ ঢাকার কাওরান বাজারের একজন পাইকারী ব্যবসায়ী। তিনি ২০১৬ সালের ১ মার্চ তারিখে নগদ ১০,০০,০০০ টাকা এবং ব্যাংক থেকে ২০,০০,০০০ টাকা ঋণ নিয়ে ব্যবসায় আরম্ভ করেন। মার্চ মাসে তার ব্যবসায়ে সম্পাদিত লেনদেনগুলো নিম্নরূপ :**

মার্চ ৩ তানিশা ট্রেডার্সের নিকট হতে ধারে পণ্য ক্রয় ৫,০০,০০০ টাকা।
৮ সাফিন ট্রেডার্সের নিকট ধারে পণ্য বিক্রয় ৩,৫০,০০০ টাকা।
১২ নগদে ও চেকে পণ্য ক্রয় যথাক্রমে ১,৫০,০০০ টাকা ও ২,০০,০০০ টাকা।
১৬ নিম্নমানের জন্য সাফিন ট্রেডার্স ২০,০০০ টাকার পণ্য ফেরত পাঠায়।
২০ নগদে পণ্য বিক্রয় ৬,০০,০০০ টাকা।
২৫ তানিশা ট্রেডার্সকে ২% বাট্টা সাপেক্ষে অর্ধেক টাকা পরিশোধ।
২৮ ৩% বাট্টার বিনিময়ে সাফিন ট্রেডার্স থেকে সম্পূর্ণ টাকা পাওয়া গেল।
৩০ ব্যাংক হতে উত্তোলন ৫০,০০০ টাকা।

(ক) জনাব রাউফ-এর ব্যবসায়ের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) মার্চ মাসের ৩, ৮, ২৫ ও ২৮ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। ৪
(গ) জনাব রাউফের নগদান বই প্রস্তুত কর। ৪

৬. **জনাব সুমামা আতিফ-এর ৩১ ডিসেম্বর, ২০১৬ তারিখে ব্যাংক বিবরণীতে ব্যাংক জমা ২৫,৮০০ টাকা। নগদান পর্যালোচনায় নিম্নোক্ত বিষয়গুলো দেখা যায় :**

(১) চেক জমা কিন্তু আদায় হয়নি ৫,৬০০ টাকা।
(২) ইস্যুকৃত চেক উপস্থাপন করা হয়নি ৮,০০০ টাকা।
(৩) পাওনাদারকে ইস্যুকৃত ২,৪২৪ টাকার চেক নগদান বইতে ২,৪৪২ টাকায় লিপিবদ্ধ করা হয়েছে।
(৪) অমর্যাদাকৃত চেক ২,৪০০ টাকা।
(৫) ২০১৬ সালের ব্যাংক সার্ভিস চার্জ ১,০০০ টাকা এবং তার উপর ১৫% ভ্যাট।
(৬) ব্যাংক উদ্বৃত্ত ২০০ টাকা কম লিখা হয়েছে।
(৭) প্রাপ্য নোট ৫,০০০ টাকা ও সুদ ২০০ টাকা ব্যাংক কর্তৃক আদায় এবং ব্যাংক এই বাবদ ১৫০ টাকা আদায় খরচ ধার্য করে।

(ক) ব্যাংক কর্তৃক ডেবিটকৃত অর্থের পরিমাণ নির্ণয় কর। ২

(খ) একক জের পদ্ধতিতে ব্যাংক সমন্বয় বিবরণী তৈরি কর। ৪

(গ) জনাব সুমামা আতিফের বইতে প্রয়োজনীয় জাবেদা দাও। ৪

৭. **মি. আবরার-এর ২০১৬ সালের জানুয়ারি মাসে সম্পাদিত লেনদেনগুলো ছিল নিম্নরূপ :**

জানুয়ারি ১ প্রারম্ভিক নগদ তহবিল ১২,৫০০ টাকা এবং প্রারম্ভিক ব্যাংক জমাতিরিক্ত ১৫,০০০ টাকা।

৭ তারিয়া এন্টারপ্রাইজ-এর নিকট হতে নগদ ২০,০০০ টাকা এবং ৩০,০০০ টাকার চেক পাওয়া গেল। চেকটি সাথে সাথে ব্যাংকে জমা দেওয়া হলো।

১২ বাকিতে পণ্য ক্রয় ৬০,০০০ টাকা এবং নগদে পণ্য বিক্রয় ৫০,০০০ টাকা।

১৫ অফিসের প্রয়োজনে ব্যাংক হতে উত্তোলন ৬,০০০ টাকা।

২০ মালিকের ব্যক্তিগত প্রয়োজনে ব্যাংক থেকে উত্তোলন ৪,০০০ টাকা।

২৫ রাফি ব্রাদার্স-এর নিকট ৫০,০০০ টাকার পণ্য বিক্রয় করে নগদে ১০,০০০ টাকা এবং চেকে ৩০,০০০ টাকা প্রাপ্তি।

৩০ কর্মচারীদের বেতন পরিশোধ ৫,০০০ টাকা।

৩১ ২০,০০০ টাকা নগদ ব্যালেন্স সংরক্ষণ করতে হবে।

(ক) জানুয়ারি ৩০ তারিখের লেনদেনের ভিত্তিতে ডেবিট ভাউচার তৈরি হয়। ২

(খ) নগদান বইতে লিপিবদ্ধ হবে না এমন লেনদেনগুলোর সাধারণ জাবেদায় লিপিবদ্ধ কর। ৪

(গ) দু'ঘরা নগদান বই প্রস্তুত কর। ৪

৮. **জনাব সাদমান নুহীন একজন ফ্যাশন ডিজাইনার, যিনি 'সাদমান অটো ফ্যাশন ডিজাইন হাউস'-এর কর্ণধার। তিনি ২০১২ সালের ১ জুলাই তারিখে জাপান থেকে ১০,০০,০০০ টাকা মূল্যের একটি স্বয়ংক্রিয় ডিজাইন মেশিন আমদানি করেন। মেশিনটির উপর ১৫% ভ্যাট প্রদান করেন। মেশিনটির আনয়ন খরচ ও সংস্থাপন খরচ বাবদ যথাক্রমে ১০,০০০ টাকা এবং ১৫,০০০ টাকা। মেশিনটির আনুমানিক জীবনকাল ৪ বছর। অনুমান করা যায় যে, মেশিনটির জীবনকাল শেষে ভগ্নাবশেষ মূল্য পাওয়া যাবে ১,২০,০০০ টাকা। প্রতিষ্ঠানটি ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয় ধার্য করে।**

(ক) অবচয় হার নির্ণয় কর। ২

(খ) চার বছরের অবচয় দেখিয়ে একটি অবচয় সারণী তৈরি কর। ৪

(গ) মেশিন আমদানির জন্য সাধারণ জাবেদা ও অবচয় সংক্রান্ত সমন্বয় জাবেদা দেখাও। ৪

৯. **২০১৬ সালের ৩১ ডিসেম্বর জনাব ইউশার রেওয়ামিল ও অন্যান্য তথ্যাবলি উল্লেখ করা হলো :**

জনাব ইউশার
রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০১৬

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
নগদ	৮০,০০০	
প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব	৬০,০০০	৪৫,০০০
সাপ্লাইজ	১২,০০০	
বিজ্ঞাপন খরচ	৩৬,০০০	
আসবাবপত্র ও অফিস সরঞ্জাম	২,০০,০০০	
পুঞ্জিভূত অবচয় –আসবাবপত্র ও অফিস সরঞ্জাম		২০,০০০
মূলধন– জনাব ইউশা		২,১৭,০০০
জীবন বিমার প্রিমিয়াম	১৮,০০০	
১২% প্রদেয় নোট		৫০,০০০
বেতন	৩০,০০০	
ভাড়া খরচ	৩৬,০০০	
সেবা আয়		১,৪০,০০০
	৪,৭২,০০০	৪,৭২,০০০

সমন্বয়সমূহ :

(১) একজন ক্লায়েন্টকে প্রদত্ত সেবা বাবদ ৪০,০০০ টাকা এখনও লিপিবদ্ধ করা হয়নি।
(২) অফিসের মাসিক বেতনের পরিমাণ ৩,০০০ টাকা।
(৩) আসবাবপত্র ও অফিস সরঞ্জামের অনুমিত আয়ুষ্কাল দশ বছর, যার কোনো ভগ্নাবশেষ মূল্য নেই।

(ক) মোট সেবা আয় ও বার্ষিক অবচয়ের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রয়োজনীয় সমন্বয় জাবেদা তৈরি কর। ৪
(গ) দশ ঘরবিশিষ্ট একটি কার্যপত্র তৈর কর। ৪

১০. মেসার্স লাবিবা ট্রেডার্সের রেওয়ামিল নিম্নে প্রদত্ত হলো :

মেসার্স লাবিবা ট্রেডার্স
রেওয়ামিল (আংশিক)
৩১ ডিসেম্বর, ২০১৬

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
প্রাপ্য হিসাব	২,০০,০০০	
অনাদায়ী পাওনা	১৫,০০০	
অনাদায়ী পাওনা সঞ্চিতি		১৭,৫০০

প্রাপ্য হিসাবে ১০,০০০ টাকা অনাদায়ী পাওনা হিসাবে হিসাবভুক্ত করতে হবে। অবশিষ্ট প্রাপ্য হিসাবের ৭% অনাদায়ী পাওনা সঞ্চিতি সৃষ্টি করতে হবে।

(ক) ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে অনাদায়ী পাওনা সঞ্চিতির জের নির্ণয় কর। ২
(খ) প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪
(গ) অনাদায়ী পাওনা ও অনাদায়ী পাওনা সঞ্চিতি হিসাব প্রস্তুত কর। ৪

১১. জনাব আদীবা একজন খুচরা ব্যবসায়ী। তিনি একতরফা দাখিলা পদ্ধতিতে হিসাব রাখেন। তার ব্যবসায়ের খতিয়ান উদ্বৃত্তগুলো নিম্নরূপ :

	১.১.২০১৬ টাকা	৩১.১২.২০১৬ টাকা
নগদ তহবিল	৩২,০০০	৪৬,০০০
ব্যাংক জমা	৮,০০০ (ক্রে:)	২৫,০০০
মজুদ পণ্য	৪০,০০০	৬০,০০০
প্রাপ্য হিসাব	৪৮,০০০	৬৮,০০০
প্রদেয় হিসাব	২৫,০০০	৩৫,০০০
১২% ব্যাংক ঋণ	৩০,০০০	
১০% বিনিয়োগ	৬০,০০০	
ভূমি ও দালানকোঠা	১,২০,০০০	

জনাব আদীবা কারবার হতে সারা বছর ধরে প্রতি মাসের শেষে ২,০০০ টাকা করে উত্তোলন করেন। এছাড়া কারবার হতে তিনি ৫,০০০ টাকার পণ্য উত্তোলন করেন। তিনি কারবারের জন্য ১.১০.২০১৫ তারিখে একটি কম্পিউটার ও একটি প্রিন্টার ক্রয় করেন, যার মূল্য ৪০,০০০ টাকা। এই কম্পিউটার ও প্রিন্টার ক্রয়ের জন্য ৩৫,০০০ টাকা তিনি তার ব্যক্তিগত তহবিল হতে এবং অবশিষ্ট ৫,০০০ টাকা উত্তোলিত অর্থ হতে সরবরাহ করেন।

অন্যান্য তথ্যাবলি :

(১) মূলধনের উপর ৫% সুদ ধার্য করতে হবে।
(২) প্রাপ্য হিসাবের ৬,০০০ টাকা আদায়যোগ্য নয়। অবশিষ্ট প্রাপ্য হিসাবের ১০% অনাদায়ী পাওনা সঞ্চিতি তৈরি কর।
(৩) ভূমি ও দালানকোঠার উপর ৫% এবং কম্পিউটার সামগ্রীর উপর ১০% অবচয় ধার্য কর।

(ক) উত্তোলনের পরিমাণ ও মূলধনের সুদ নির্ণয় কর। ২
(খ) জনাব আদীবার প্রারম্ভিক মূলধন ২,৩৭,০০০ টাকা এবং সমাপনী মূলধন ৩,৫৪,০০০ টাকা হলে উক্ত বছরের নীট লাভ বা লোকসান নির্ণয় কর। ৪
(গ) জনাব আদীবার ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখের আর্থিক অবস্থার বিবরণী নিরূপণ কর। ৪

বিষয় ঃ হিসাববিজ্ঞান ১ম পত্র

বিষয় কোড | ২ | ৫ | ৩ |

সময় ঃ ৩০ মিনিট

বহুনির্বাচনি অভিক্ষা

পূর্ণমান—৩০

[বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

১. কোনো প্রতিষ্ঠানের আর্থিক ফলাফল নির্ণয়ের জন্য কী প্রস্তুত করা হয়?
ⓚ উদ্বৃত্ত পত্র ⓛ আয় বিবরণী
ⓜ মালিকানা স্বত্ব বিবরণী
ⓝ নগদ প্রবাহ বিবরণী

২. কারবারী লেনদেন নয় কোনটি?
ⓚ ক্রয় ফেরত ⓛ অবচয়
ⓜ কারবারে একজন হিসাবরক্ষক নিয়োগ
ⓝ ইজারা সম্পত্তির অবলোপন

নিচের উদ্দীপকটি পড়ে ৩, ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও:

২০১৬ সালের ১ জানুয়ারি তারিখে একটি ব্যবসায়ের আর্থিক অবস্থা হলো :
প্রাপ্য হিসাব ২০,০০০ টাকা; প্রদেয় হিসাব ১৮,০০০ টাকা; বিবিধ সম্পত্তি ৫০,০০০ টাকা; মজুদ পণ্য ২৪,০০০ টাকা। অন্যদিকে ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখের উদ্বৃত্ত হলো : প্রাপ্য হিসাব ২৫,০০০ টাকা; প্রদেয় হিসাব ১২,০০০ টাকা। সারা বছরের ধারে বিক্রয় ২৫,০০০ টাকা ও পাওনাদারকে ১৮,০০০ টাকা পরিশোধ করা হয়।

৩. ২০১৬ সালের ১ জানুয়ারি তারিখে মূলধনের পরিমাণ কত?
ⓚ ৪৪,০০০ টাকা ⓛ ৭০,০০০ টাকা
ⓜ ৭৬,০০০ টাকা ⓝ ৯৪,০০০ টাকা

৪. ২০১৬ সালের ধারে ক্রয়ের পরিমাণ কত?
ⓚ ৬,০০০ টাকা ⓛ ১২,০০০ টাকা
ⓜ ১৮,০০০ টাকা ⓝ ৩০,০০০ টাকা

৫. দেনাদারের নিকট হতে নগদ প্রাপ্তি কত টাকা?
ⓚ ৫,০০০ টাকা ⓛ ২০,০০০ টাকা
ⓜ ২৫,০০০ টাকা ⓝ ৪৫,০০০ টাকা

৬. মালিকানা স্বত্বের উপাদান হলো—
i. মূলধন
ii. সঞ্চিতি
iii. উত্তোলন
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

৭. নিচের কোন লেনদেনের ফলে স্বত্বাধিকার বাড়বে এবং দায় হ্রাস পাবে?
ⓚ পাওনাদারকে পরিশোধ করা হলে
ⓛ কারবারে অতিরিক্ত মূলধন বিনিয়োগ করা হলে
ⓜ অনুপার্জিত আয় উপার্জিত হলে
ⓝ ধারে পণ্য বিক্রয় করা হলে

নিচের উদ্দীপক পড়ে ৮, ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও:

একটি ব্যবসায় প্রতিষ্ঠানের প্রারম্ভিক ও সমাপনী সম্পদ ও দায় নিম্নরূপ :

	সম্পদ (টাকা)	দায় (টাকা)
প্রারম্ভিক	৮৫,০০০	২৬,০০০
সমাপনী	৯৫,০০০	১৬,০০০

অনুমান কর যে, চলতি বছর মালিক নতুন কোনো মূলধন বিনিয়োগ করেননি।

৮. নিচের কোন উপাদানটির মূলধনের উপর প্রভাব নেই?
ⓚ নিট ক্ষতি ⓛ পাওনাদার
ⓜ উত্তোলন
ⓝ মূলধন ও উত্তোলনের সুদ

৯. ব্যবসায়ের নিট লাভ বা নিট লোকসান কত?
ⓚ ২০,০০০ টাকা ⓛ ৫৯,০০০ টাকা
ⓜ ৭৯,০০০ টাকা ⓝ ১,৩৮,০০০ টাকা

১০. আর্থিক বিবরণী প্রস্তুত করা হয়—
i. আয় ও খরচ নির্ণয়ের জন্য
ii. আর্থিক অবস্থা নির্ণয়ের জন্য
iii. আর্থিক ফলাফল নির্ণয়ের জন্য
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

১১. পাস বই অনুযায়ী ক্রেডিট উদ্বৃত্ত বলতে কী বুঝায়?
ⓚ ব্যাংক জমার উদ্বৃত্ত
ⓛ ব্যাংক জমাতিরিক্ত
ⓜ হাতে নগদ
ⓝ নগদান বইয়ের ক্রেডিট উদ্বৃত্ত

১২. ব্যাংক সমন্বয় বিবরণী কে তৈরি করেন?
ⓚ ব্যাংক ⓛ আমানতকারী
ⓜ দেনাদার ⓝ পাওনাদার

১৩. ব্যাংক বিবরণী অনুযায়ী ব্যাংক জমার পরিমাণ ৪৪,০০০ টাকা; পাওনাদারকে ইস্যুকৃত ১০,০০০ টাকার চেক, যা ব্যাংকে উপস্থাপিত হয়নি এবং একজন দেনাদার সরাসরি ৮,০০০ টাকা ব্যাংকে জমা দিয়েছে, যা নগদানভুক্ত হয়নি।
একক জের পদ্ধতিতে নগদান বই অনুসারে ব্যাংকে জমার পরিমাণ কত?
ⓚ ২৬,০০০ টাকা ⓛ ৪২,০০০ টাকা
ⓜ ৪৬,০০০ টাকা ⓝ ৬২,০০০ টাকা

১৪. হিসাববিজ্ঞানের ধারাবাহিক কাজের প্রক্রিয়াকে কী বলা হয়?
ⓚ জাবেদা ⓛ খতিয়ান
ⓜ রেওয়ামিল ⓝ হিসাবচক্র

১৫. বিপরীত দাখিলা কখন দেয়া হয়?
ⓚ চলতি হিসাবকালের শুরুতে
ⓛ চলতি হিসাবকালের শেষে
ⓜ চলতি হিসাবকালের মাঝামাঝি
ⓝ পরবর্তী হিসাবকালের শেষে

নিচের উদ্দীপকটি পড় এবং ১৬, ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও :

নগদান হিসাব

তারিখ	বিবরণ	ডেবিট	ক্রেডিট	জের ডেবিট	জের ক্রেডিট
২০১৬					
জুলাই-১	মূলধন হিসাব	৫,০০০			
জুলাই-২০	ব্যাংক হিসাব		১,০০০		
জুলাই-৩১	ভাড়া হিসাব	৫০০			

১৬. ২০১৬ সালের ৩১ জুলাই তারিখে নগদান হিসাবের জের কত?
ⓐ ৪,৫০০ টাকা ⓑ ৫,৫০০ টাকা
ⓒ ৬,০০০ ⓓ ৬,৫০০ টাকা

১৭. নগদান হিসাবটি হতে সংশ্লিষ্ট লেনদেনগুলো হবে–
i. মালিক কর্তৃক নগদে মূলধন আনয়ন ৫,০০০ টাকা
ii. ভাড়া প্রদান করা হলো ৫০০ টাকা
iii. ব্যাংক হতে উত্তোলন করা হলো ১,০০০ টাকা
নিচের কোনটি সঠিক?
ⓐ i ও ii ⓑ i ও iii
ⓒ ii ও iii ⓓ i, ii ও iii

১৮. নগদান হিসাবটি হতে সংশ্লিষ্ট জাবেদা দাখিলা হবে–
i. নগদান হিসাব ডেবিট
ব্যাংক হিসাব ডেবিট
ভাড়া হিসাব ডেবিট
মূলধন হিসাব ক্রেডিট
ii. নগদান হিসাব ডেবিট
মূলধন হিসাব ক্রেডিট
ভাড়া হিসাব ক্রেডিট
iii. ব্যাংক হিসাব ডেবিট
নগদান হিসাব ক্রেডিট
নিচের কোনটি সঠিক?
ⓐ i ও ii ⓑ i ও iii
ⓒ ii ও iii ⓓ i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড় এবং ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও:
কর্ণফুলী লি:-এর ২০১৫ সালের জানুয়ারি ১ তারিখে আসবাবপত্র হিসাবের জের ১,২০,০০০ টাকা ও ক্রমযোজিত অবচয়ের জের ৫০,০০০ টাকা। অনুমান করা হলো যে, ৫ বছর শেষে আসবাবপত্রটির ভগ্নাবশেষ মূল্য হবে ২০,০০০ টাকা।

১৯. সরলরৈখিক পদ্ধতিতে বার্ষিক অবচয়ের পরিমাণ কত?
ⓐ ১০,০০০ টাকা ⓑ ১৪,০০০ টাকা
ⓒ ২০,০০০ টাকা ⓓ ২৪,০০০ টাকা

২০. ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে ২০১৫ সালের অবচয়ের পরিমাণ কত? যদি অবচয় হার ১০% হয়।
ⓐ ৫,০০০ টাকা ⓑ ৭,০০০ টাকা
ⓒ ১০,০০০ টাকা ⓓ ১২,০০০ টাকা

২১. রেওয়ামিল ক্রেডিট কলামে কোন দফাগুলো লিপিবদ্ধ হয়?
ⓐ অগ্রিম খরচ ও বকেয়া আয়
ⓑ অগ্রিম খরচ ও অগ্রিম আয়
ⓒ বকেয়া খরচ ও অগ্রিম আয়
ⓓ বকেয়া খরচ ও বকেয়া আয়

২২. GAAP-এর পূর্ণরূপ কী?
ⓐ Generally Accounting Accepted Principles
ⓑ Generally Accepted Accounting Principles
ⓒ General Accounting Principles
ⓓ General Accounting Application Policies

২৩. হিসাববিজ্ঞানের কোন নীতি অনুযায়ী স্থায়ী সম্পদ লিপিবদ্ধ করা হয়?
ⓐ পূর্ণপ্রকাশ ⓑ ঐতিহাসিক মূল্য
ⓒ রক্ষণশীলতা ⓓ সামঞ্জস্য

২৪. আয় বিবরণী প্রস্তুত করা হয় কোন নীতি অনুযায়ী?
ⓐ আয়নীতি ⓑ রক্ষণশীলতা
ⓒ ঐতিহাসিক মূল্য ⓓ পূর্ণপ্রকাশ নীতি

২৫. একটি কারবারে নিট বিক্রয় ৮,০০,০০০ টাকা এবং ইহা অনুমান করা হলো যে, নিট বিক্রয়ের ১.৫% অনাদায়ী হতে পারে। যদি সমন্বয় পূর্ববর্তী অনাদায়ী পাওনা সঞ্চিতির জের ১৫,০০০ টাকা হলে, সমন্বয় পরবর্তী জের কত?
ⓐ ৩,০০০ টাকা ⓑ ১২,০০০ টাকা
ⓒ ১৫,০০০ টাকা ⓓ ২৭,০০০ টাকা

২৬. বিলম্বিত খরচের উদাহরণ হলো–
i. বিলম্বিত বিজ্ঞাপন খরচ
ii. নতুন পণ্যের গবেষণা ও উন্নয়ন খরচ
iii. প্রাথমিক খরচ
নিচের কোনটি সঠিক?
ⓐ i ও ii ⓑ i ও iii
ⓒ ii ও iii ⓓ i, ii ও iii

২৭. কোনটি উদ্বর্তপত্রে প্রদর্শিত হয় না?
ⓐ সাধারণ সঞ্চিতি ⓑ বিশেষ সঞ্চিতি
ⓒ গোপন সঞ্চিতি ⓓ মূলধন সঞ্চিতি

২৮. কোনটি হিসাব চক্রের প্রথম ধাপ?
ⓐ জাবেদা ⓑ লেনদেন শনাক্তকরণ
ⓒ শ্রেণিবিন্যাস ⓓ সংক্ষিপ্তকরণ

২৯. অনাদায়ী পাওনা সঞ্চিতি কোন প্রকৃতির হিসাব?
ⓐ দায় হিসাব ⓑ সম্পত্তি হিসাব
ⓒ কন্ট্রা সম্পত্তি হিসাব ⓓ আয় হিসাব

৩০. অবচয় হিসাবভুক্তের জন্য কোন জাবেদা দেয়া হয়?
ⓐ সমাপনী জাবেদা ⓑ স্থানান্তর জাবেদা
ⓒ সমন্বয় জাবেদা ⓓ প্রারম্ভিক জাবেদা